যুগান্তর
প্রিন্ট: ২০ জানুয়ারি ২০২৫, ০৮:২৫ এএম

শিক্ষাঙ্গন

# মেডিকেল ভর্তি পরীক্ষার ফল প্রকাশ, জানা যাবে যেভাবে

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ১৯ জানুয়ারি ২০২৫, ০৫:২৫ পিএম



ফাইল ছবি

দেশের সরকারি-বেসরকারি মেডিকেল কলেজের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে।

রোববার বিকাল সাড়ে ৪টার পর এ ফলাফল প্রকাশ করা হয়।

এবার পাসের হার ৪৫.৬২%। অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ৬০,০৯৫ জন ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন।

ফলাফলে দেখা গেছে ৩৭টি সরকারি মেডিকেল কলেজে ভর্তির জন্য ৫,৩৭২ জন পরীক্ষার্থী প্রাথমিকভাবে নির্বাচিত হয়েছেন।

দেশের সরকারি ৩৮টি মেডিকেল কলেজে মোট আসন সংখ্যা ৫,৩৮০টি। এর মধ্যে নারায়ণগঞ্জ মেডিকেল কলেজে এখনো শিক্ষা কার্যক্রম শুরু হয়নি। বেসরকারি ৬৭টি মেডিকেল কলেজে আসন রয়েছে ৬,২৯৩টি।

**যেভাবে ফল জানতে পারবেন শিক্ষার্থীরা**

ভর্তি পরীক্ষায় অংশ নেওয়া আবেদনকারী শিক্ষার্থীরা এমবিবিএস ভর্তি পরীক্ষার ফল ঘোষণার পর ওয়েবসাইট থেকে ফলাফল জানতে পারবেন। এছাড়া স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে ফলাফল বিষয়ক তথ্য প্রকাশ করা হবে।

এছাড়াও উত্তীর্ণ শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনকৃত মোবাইল ফোনে ক্ষুদে বার্তায় ফল জানিয়ে দেওয়া হবে। আবেদনের সময় দেওয়া মোবাইল ফোন নম্বরে ফলাফল পাওয়া যাবে।